

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, কুমিল্লা  
[www.dae.comilla.gov.bd](http://www.dae.comilla.gov.bd)

স্মারক নং : ১২.১৭.১৯০০.০৩৯.১৯.০০৯.২৩- ১২৫

তারিখ : ১৯/০১/২০২৫ খ্রি.

বিষয় : বিভাগীয় কর্মকাণ্ডে অনুপস্থিতি ও অবহেলা প্রদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপসহকারি কৃষি কর্মকর্তাগণ কৃষকের পাশে থেকে কৃষি পরামর্শ সেবা প্রদানসহ কৃষি উপকরণ প্রাপ্তি নির্বিঘ্ন করার দায়িত্ব থাকা সত্ত্বেও সাম্প্রতিক সময়ে মাঠ পরিদর্শনকালে অনেকের কর্মস্থলে না থাকার বিষয়টি দৃষ্টিগোচর হয় এবং কিছু কিছু কর্মকর্তা নিজ ব্লকে তার উপর অর্পিত সরকারি দায়িত্ব ও কর্তব্য সমূহ পালন না করে তার কর্ম এলাকার বাইরে গিয়ে বিভিন্ন কাজে সময় অতিবাহিত করেন। যা সরকারি কর্মচারি (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর ধারা ৩(০১) ও ৪(০১) পরিপন্থী এবং সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ধারা ২(খ) (আ) অনুসারে অসদাচরণের শামিল। এহেন পরিস্থিতিতে মাঠ পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী কে কর্মস্থলে সার্বক্ষণিক উপস্থিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হল।


সম্প্রতি বাস্তবায়িত হওয়া প্রনোদনা/পুনর্বাসন কার্যক্রমে কৃষকদের মাঝে বিনা মূল্যে সার ও বীজ (উপকরণ ও অর্থসহায়তা) বিতরণের ক্ষেত্রে প্রনোদনা/পুনর্বাসন বাস্তবায়ন নীতিমালা পরিপন্থী দ্বৈততার অভিযোগ পাওয়া যাচ্ছে। বিষয়টি যথাযথভাবে খতিয়ে দেখার জন্য নির্দেশনা প্রদান করা হল। এ ব্যাপারে যে কারো গাফিলতির প্রমাণ পাওয়া মাত্র বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, অভিযোগ প্রমানিত হওয়া সাপেক্ষে সংশ্লিষ্ট সকল কর্মকর্তার বিরুদ্ধে নিয়মিত উপস্থিতি বিধিমালা ২০১৯ ও সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী প্রশাসনিক/বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ পূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য বলা হল।

উপজেলা কৃষি অফিসার (সকল), কুমিল্লা।

অনুলিপি :

১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
২. জেলা প্রশিক্ষণ অফিসার, এ কার্যালয়
৩. অতিরিক্ত উপপরিচালক শস্য/পিপি/উদ্যান, এ কার্যালয়
৪. সংশ্লিষ্ট নথি



আইউব মাহমুদ

উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, কুমিল্লা

ddcomilla.dae@gmail.com

  
১৯.০১.২৫